# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 26-01-2025** **Time: 7-50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ–

১) দেশবাসী আজ যথোচিত মর্যাদায় ৭৬-তম সাধারণতন্ত্র দিবস উদযাপন করছে। নতুন দিল্লির কর্তব্যপথে মূল অনুষ্ঠানে কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ।

কঠোর নিরাপত্তায় কলকাতার রেডরোডে রাজ্যের মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উন্মোচন করেন, রাজ্যপাল সিভি আনন্দ বোস।

২) বিকেলে রাজ্যভবনে এই উপলক্ষে এক চা-চক্রে রাজ্যপাল, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সহ সমাজের বিশিষ্ট ব্যক্তিদের আপ্যায়িত করেন।

৩) পশ্চিমবঙ্গ থেকে এবার ৯ জন পদ্মশ্রী সম্মানে ভূষিত হচ্ছেন।

৪) নদীয়ার মাজদিয়ার নাঘাটায় বাঙ্কার উদ্ধারের ঘটনায় বাংলাদেশ সীমান্ত জুড়ে বিএসএফ কড়া নজরদারি চালাচ্ছে। জারি করা হয়েছে হাই অ্যালার্ট।

৫) ফুলিয়ার বুঁইচা থেকে প্রায় ২০ লক্ষ টাকার ভেজাল ঘি উদ্ধারের ঘটনায় ধৃত ৩।

৬) আই এস এল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং মুম্বাই সিটি এফ সি-র মুখোমুখি।

oooooooooooooooooooooooooo

দেশবাসী আজ যথোচিত মর্যাদায় ৭৬-তম সাধারণতন্ত্র দিবস উদযাপন করছে। এই উপলক্ষে মূল অনুষ্ঠানটি হয় নতুন দিল্লির  কর্তব্যপথে। সেখানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন।

এবারের কুচকাওয়াজের থিম ছিল "স্বর্নিল ভারত : বিরাসত আউর বিকাশ"।

বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রক, রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৩১ টি ট্যাবল এবারের কুচকাওয়াজে অংশ নেয়।

পশ্চিমবঙ্গের ট্যাবলোতে তুলে ধরা হয় টেরাকোটার মন্দির শিল্প, রাজ্য সরকারের লোকপ্রসার ও লক্ষ্মীর ভান্ডার প্রকল্পের ভাবনা নিয়ে জঙ্গলমহলের প্রেক্ষাপটে ওই ট্যাবলোর পরিকল্পনা করা হয়। রাজ্যের ছৌ ও বাউল শিল্পীরা পরিবেশন করেন সাংস্কৃতিক অনুষ্ঠান।

এরাজ্যেও আজ যথাযোগ্য মর্যাদায় সাধারণতন্ত্র দিবস উদযাপিত হচ্ছে। কঠোর নিরাপত্তায় কলকাতার রেডরোডে জাতীয় পতাকা উন্মোচন করে কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন রাজ্যপাল সিভি আনন্দো বোস। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ও রাজ্য মন্ত্রিসভার অন্য সদস্যরা। স্থল ও নৌসেনা, বিমানবাহিনী, কলকাতা ও রাজ্য পুলিশের জওয়ানদের উপস্থিতিতে কুচকাওয়াজ হয়ে ওঠে বর্ণময়।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এর আগে রাজ্যবাসীর উদ্দেশে ভাষণে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস বলেন, ভারত ও বাংলা অগ্রগতির পথে এগিয়ে চলেছে।

স্বামী বিবেকানন্দ, মহাত্মা গান্ধীর উদ্ধৃতি দিয়ে তিনি আরও বলেন, এরাজ্যের মানুষকে কর্মযোগী হয়ে শ্রেষ্ঠ বাংলার তকমা পেতে হবে।

(বাইট – রাজ্যপাল)

বিকেলে রাজ্যপাল রাজভবনে এক চা-চক্রে আপ্যায়িত করেন সমাজের বিশিষ্ট অতিথিদের।

কলকাতা পুলিশের ব্রাস ব্যান্ডকে ওই চা-চক্রে ঢুকতে না দেওয়ায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ক্ষোভ প্রকাশ করেন। তাদের ঢুকতে না দেওয়া হলে তিনিও ওই অনুষ্ঠানে যোগ দেবেন না বলে স্পষ্ট জানিয়ে রাজভবনের টাস্কফোর্সের প্রধান শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়কে ডেকে পাঠান তিনি। তাঁর পরেই কলকাতা পুলিশের ওই ব্যান্ডকে যোগদানের অনুমতি দেওয়া হয়।

বিভিন্ন দলের পক্ষ থেকেও দিনটি পালিত হয়।

বিজেপি-র রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বালুরঘাটে সাংসদের কার্যালয়ে জাতীয় পতাকা উন্মোচন করে বলেন, পশ্চিমবঙ্গে অরাজকাতা চলেছে। এখানে গণতন্ত্র বলে কিছুই নেই। এরাজ্যে গণতন্ত্রকে শক্তিশালী ও সংবিধানকে সঠিকভাবে রূপায়িত করতে বিজেপি লড়াই চালিয়ে যাবে।

বামফ্রন্ট, এই উপলক্ষে কলকাতার হাজরা মোড়, এন্টালি, শ্যামবাজার ও খিদিরপুর মোড় – এই চার জায়গায় বিশেষ জমায়েত করে পতাকা উন্মোচন করে। হাজরা মোড়ে অনুষ্ঠানে যোগ দিয়ে ফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু দেশের সংবিধান ও সংবিধানে উল্লিখিত ধর্ম নিরপেক্ষতার আদর্শ রক্ষার অঙ্গীকার ব্যক্ত করেন। এই সংবিধানকে যারা অসম্মান করছে, তাদের সমালোচনা করে বিমানবাবু বলেন, বামপন্থীরা সর্বশক্তি দিয়ে তা প্রতিহত করবে।

রাজ্যের সর্বত্র সিপিআইএম-এর দলীয় কার্যালয়ে জাতীয় পতাকা উন্মোচন করা হয়।

স্কুল-কলেজ-পুরসভা এবং বিভিন্ন দফতর ও সংগঠনেও দিনটি উদযাপিত হয়।

বেহালায় জেমস্লং সরণিতে পূর্ব রেলের স্পোর্টস্ কমপ্লেক্সে জাতীয় পতাকা উন্মোচন করেন জেনারেল ম্যানেজার মিলিন দেওস্কার। গার্ডেনরিচে দক্ষিণ-পূর্ব রেলের সদর দফতরে আর পি এফ-এর কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন, জেনারেল ম্যানেজার অনিল কুমার মিশ্র।

কলকাতার আকাশবাণী ভবনেও জাতীয় পতাকা উন্মোচন করেন আধিকারিক সুপ্রভ বন্দোপাধ্যায়। উপস্থিত ছিলেন বিভিন্ন বিভাগের আধিকারিক ও কর্মীরা।

বিভিন্ন জেলাতেও যথোচিত মর্যাদায় দিনটি পালনের খবর এসেছে।

ooooooooooooooooooooooooooo

বাংলা থেকে এবার ৯ জন পদ্মশ্রী সম্মান পাচ্ছেন।

এদের মধ্যে আছেন, নৃত্যশিল্পী-অভিনেত্রী **মমতাশঙ্কর,** সরোদ বাদক পন্ডিত **তেজেন্দ্রনারায়ণ মজুমদার,** মুর্শিদাবাদের জিয়াগঞ্জের ছেলে বিখ্যাত গায়ক **অরিজিৎ সিং,** উত্তর ২৪ পরগণার মছলন্দপুরের বাসিন্দা, ঢাক বাদক **গোকুল চন্দ্র দাস,** ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসী স্বামী প্রদীপ্তানন্দ ওরফে **কার্তিক মহারাজ,** শিল্পপতি **পবন গোয়েঙ্কা** এবং **সজ্জন ভজনকা,**

সাহিত্যিক শিক্ষাকর্মী **নগেন্দ্রনাথ** রায়, শিক্ষানুরাগী তথা সমাজকর্মী, পরিবার স্কুলের প্রতিষ্ঠাতা **বিনায়ক লোহানি।**

**পদ্মশ্রী প্রাপকদের** তালিকায় রয়েছেন ‘স্টেট্‌ ব্যাংক অফ ইন্ডিয়া’র প্রাক্তন চেয়ারপার্সন অরুন্ধতি ভট্টাচার্যও।

সাধারনতন্ত্র দিবসের প্রাককালে গত সন্ধ্যায় **১৩৯** জন পদ্ম পুরস্কার প্রাপকের নাম ঘোষণা করা হয়।

পুরস্কারলাভের খবরে উচ্ছ্বসিত মমতাশঙ্কর আকাশবাণীকে তার প্রতিক্রিয়ায় জানালেন –

(বাইট – মমতাশঙ্কর)

পন্ডিত **তেজেন্দ্রনারায়ণ মজুমদার তাঁকে পুরস্কারের জন্য মনোনীত করায়, ধন্যবাদ জানান নির্বাচক কমিটিকে।**

oooooooooooooooooooooooooooo

নদীয়ার মাজদিয়ার নাঘাটায় বাঙ্কার উদ্ধারের ঘটনায় বাংলাদেশ সীমান্ত জুড়ে বিএসএফ কড়া নজরদারি চালাচ্ছে। জারি করা হয়েছে হাই অ্যালার্ট। কেন্দ্রীয় মাদক নিয়ন্ত্রণ ব্যুরো ঘটনার তদন্ত শুরু করেছে। শীর্ষ কর্তারা গতকাল ঘটনাস্থল পরিদর্শন করেন, সরেজমিনে খতিয়ে দেখেন বাঙ্কারগুলিও।

এদিকে, যেখানে বাঙ্কারগুলি ছিল, সেই জমির মালিকের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে। এখনও পর্যন্ত এই ঘটনায় কাউকে গ্রেফতার করা যায়নি।

oooooooooooooooooooooooooooooo

নদীয়ার ফুলিয়ার বুইচাঁ থেকে বিপুল পরিমাণ ভেজাল ঘি উদ্ধারের ঘটনায় পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। রানাঘাটের অতিরিক্ত

পুলিশ সুপার লাল্টু হালদার জানিয়েছেন, বুঁইচার ঘি-এর কারখানায় তল্লাশি চালিয়ে তারা প্রায় আড়াই হাজার কেজি ঘি ও চারশো লিটার তেল বাজেয়াপ্ত করে । সেগুলির বাজারদর প্রায় ২০ লক্ষ টাকা।

অতিরিক্ত পুলিশ সুপার আরও বলেন, ভেজাল ঘি-এর বিরুদ্ধে লাগাতার অভিযান চলবে। এই কারবারের সঙ্গে জড়িত মূল অভিযুক্তকে গ্রেফতার করার চেষ্টা চলেছে।

*oooooooooooooooooooooooooooooo*

দক্ষিণ কলকাতার কালিকাপুরে আবারও একটি বহুতল পাশের ভবনের দিকে হেলে পড়েছে। এই নিয়ে এলাকায় আতঙ্ক ছড়িয়েছে।

উল্লেখ্য, এর আগে বাঘাযতীন, এন্টালি, তপসিয়া, ট্যাংরা, মসজিদবাড়ি লেন ও আশুতোষ মুখার্জী রোডেও পরপর কয়েকটি বাড়ি হেলে পড়ে।

*oooooooooooooooooooooooooooooo*

সাধারণতন্ত্র দিবসের দুপুরে আজ কলকাতা বিমানবন্দরে এক যাত্রীর আত্মহত্যার ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। ঐনাম রঞ্জন সিং নামে মণিপুরী ওই যাত্রী বিমানবন্দর লাগোয়া ফ্লাইওভার থেকে ঝাঁপ দেন। বারাসাত হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা তাঁকে মৃত ঘোষণা করেন।

পুলিশ জানিয়েছে, গত ২৩-শে জানুয়ারী ইম্ফল থেকে কলকাতায় আসেন ওই ব্যক্তি। কয়েকদিন ধরেই তিনি বিমানবন্দর চত্ত্বরে ঘুরে বেড়াচ্ছিলেন। আজও তাকে বিমানবন্দরে ঘুরতে দেখে প্রথমে চিকিৎসার ব্যবস্থা করা হয়। কিছুক্ষণ পর ছেড়ে দেওয়া হলে বছর ৫০-এর ওই ব্যক্তি ঝাঁপ দেন ফ্লাইওভার থেকে। পুলিশ ঘটনার তদন্ত করছে।

০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার পদ্মপুকুর স্টেশনের কাছে আজ সকালে তিরুপতি এক্সপ্রেস ট্রেনের দুটি বগি লাইনচ্যুত হয়। এরফলে শালিমার ও সাঁতরাগাছি স্টেশনের মাছে বেশকিছুক্ষণ ট্রেন চলাচল বন্ধ থাকে। লাইনচ্যুত কামরাগুলি সরানোর পর ট্রেন পরিষেবা আবার স্বাভাবিক হয়।

রেল সূত্রে জানা গেছে, তিরুপতি এক্সপ্রেস, শালিমারের দিকে, যাওয়ার সময় অন্য একটি এক্সপ্রেস ট্রেনের সঙ্গে ধাক্কা লাগে। দুটি ট্রেনই অবশ্য খালি ছিল। প্রাথমিক অনুমান লাইন পরিবর্তনের সময় এই দুর্ঘটনা ঘটে।

*OOOOOOOOOOOOOOOOOOO*

আইএসএল ফুটবলের ম্যাচে আজ মুম্বই ফুটবল এরিনায় , মহামেডান স্পোর্টিং, মুম্বই সিটি এফসির মুখোমুখি । শেষ পাওয়া খবরে জানা গেছে খেলা গোলশূন্য।

উল্লেখ্য, মুম্বই ১৬ ম্যাচে ২৪ পয়েন্ট নিয়ে লিগতালিকায় সপ্তম, মহামেডান ১৬ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে ১৩ দলের লিগে সবশেষে রয়েছে ।

OOOOOOOOOOOOOOO